

া সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৬৮৪

২৪/ হজের নিয়ম পদ্ধতি (كتاب مناسك الحج)

পরিচ্ছেদঃ ৪০. ইহরামের সময় তালবীদ করা

التَّلْبِيدُ عِنْدَ الْإِحْرَام

আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ سَعِيدٍ قَالَ حَدَّثَنَا يَحْيَى عَنْ عُبَيْدِ اللَّهِ قَالَ أَخْبَرَنِي نَافِعٌ عَنْ عَبْدِ اللَّهِ اللَّهِ قَالَ أَخْبَرَنِي نَافِعٌ عَنْ عَبْدِ اللَّهِ مَا شَأْنُ بُنِ عُمَرَ عَنْ أُخْتِهِ حَفْصَةَ قَالَتْ قُلْتُ لِلنَّبِي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَا رَسُولَ اللَّهِ مَا شَأْنُ النَّاسِ عَمْنَ عَمْرَتِكَ قَالَ إِنِّي لَبَّدْتُ رَأْسِي وَقَلَّدْتُ هَدْيِي فَلَا أُحِلُّ حَتَّى النَّاسِ حَلُّوا وَلَمْ تَحِلَّ مِنْ عُمْرَتِكَ قَالَ إِنِّي لَبَّدْتُ رَأْسِي وَقَلَّدْتُ هَدْيِي فَلَا أُحِلُّ حَتَّى أَخْلًا مِنْ الْحَجِّ أَحِلً مِنْ الْحَجِّ

বাংলা

২৬৮৪. উবায়দুল্লাহ ইবন সাঈদ (রহঃ) ... হাফসা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বললামঃ ইহরাম ছেড়ে হালাল হয়ে গেছেন অথচ আপনি উমরার ইহরাম ছাড়েন নি। তিনি বললেনঃ আমি আমার মাথায় লাবাদা ব্যবহার করেছি এবং আমার কোরবানীর পশুর গলায় কালাদা বেঁধেছি। আমি এখন ইহরাম ছাড়বো না, আমি হজ্জ শেষ করে ইহরাম ছাড়বো।

English

It was narrated from 'Abdullah bin 'Umar that his sister, Hafsah, said; "I said to the Prophet;'O Messenger of Allah! Why is it that the people have exited Ihram and you have not exited Ihram following your 'Umrah?'He said: 'I have matted my hair and garlanded my Hadi (sacrificial animal), so I will not exit Ihram until I exit Ihram after Hajj.

ফুটনোট

[মুহরিম দীর্ঘ সময় পর্যন্ত ইহরাম অবস্থায় থাকলে চুলে যাতে ধূলাবালি প্রবেশ না করে এবং চুলে যাতে উকুন না হয়, সে উদ্দেশ্যে চুলে তেল বা গাম জাতীয় জিনিষ ব্যবহার করাকে তালবীদ বলা হয়।]



তাহক্বীকঃ সহীহ। ইবন মাজাহ ৩০৪৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ হাফসাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন